

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ
www.ccc.org.bd


সময় মত পৌরকর পরিশোধ করুন।
আপনার শহরকে পরিচ্ছন্ন ও সবুজ রাখুন

স্মারক নং- ৪৬.১১.১৬৩.০০৬.১৫.৫৪-২০১৮.২২২ (৭) তারিখ : ০৪/০৮/১৮

প্রাপক : ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ ব্যাটারী চালিত অটো রিক্সা ও অটো বাইক সার্ভিস লিঃ
৫০/ডি, ইনার সার্কুলার, ভিআইপি রোড,
নয়াপল্টন, ঢাকা-১০০০।

বিষয় : সিটি কর্পোরেশন এলাকায় ব্যাটারী চালিত রিক্সা চলাচলের লাইসেন্স প্রদান প্রসঙ্গে।
সূত্র : রীট পিটিশন নং- ১০৯৩৩/২০১৮, আবেদনের তারিখ : ০৪-০৪-২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিটি কর্পোরেশন এলাকায় ব্যাটারী চালিত রিক্সা চলাচলের লাইসেন্স প্রদানের বিষয়টি ট্যাক্সেশান রুলস এর বিধানে না থাকায় এ বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা চাওয়া হয়। তৎপ্রেক্ষিতে মন্ত্রণালয় গত ৩০-০৯-২০১৪খ্রি. তারিখের স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.০৬.১০১.১২-৯৫৯ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ব্যাটারী চালিত রিক্সা চলাচলের লাইসেন্স প্রদান না করার জন্য অত্র কর্পোরেশনকে নির্দেশ প্রদান করেন। আপনার গত ০৪-০৪-২০১৮খ্রি. তারিখের আবেদন বিবেচনা করার কোন অবকাশ নেই। রীট পিটিশন নং- ১০৯৩৩/২০১৮ আদেশের প্রেক্ষিতে মন্ত্রণালয়ে এ বিষয়ে পুনরায় নির্দেশনা চাওয়া হয়। মন্ত্রণালয়ের এ সংক্রান্ত নির্দেশনা পাওয়ার পর সে অনুযায়ী যথানিয়মে ব্যবস্থা গ্রহণ এবং যথাসময়ে আপনাকে অবহিত করা হবে।


প্রধান রাজস্ব কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব।
- ২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৩। উপ-কর কর্মকর্তা (পরিসংখ্যান), চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৪। আইটি অফিসার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৫। প্রধান পরিদর্শক (যানবাহন), চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৬। প্রধান রাজস্ব কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী।
- ৭। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী।
- ৮। অফিস কপি।